

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩১৫

সোনামুড়া, ১১ অক্টোবর, ২০২৩

কিন্লামুড়ায় ৩৩ কেভি নলছড় সাবস্টেশনের উদ্বোধন

সরকার সৌরশক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদনের দিকে বিশেষভাবে নজর দিয়েছে : বিদ্যুৎমন্ত্রী

গ্যাসভিত্তিক বিদ্যুৎ প্রকল্পের উপর রাজ্য এখন নির্ভরশীল। ভবিষ্যতের কথা চিন্তা করে সরকার সৌরশক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদনের দিকে বিশেষভাবে নজর দিয়েছে। এজন্য বিভিন্ন প্রয়াস নেওয়া হচ্ছে। আজ নলছড় ব্লকের কিন্লামুড়ায় ৩৩ কেভি নলছড় সাবস্টেশনের উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী বলেন, ভবিষ্যতে কয়লা ও গ্যাস ফুরিয়ে গেলে বিদ্যুৎ উৎপাদনে যাতে কোনও সমস্যা না নয় সে লক্ষ্যে সরকার এখন থেকে পদক্ষেপ নিচ্ছে। ২০৩০ সালের মধ্যে রাজ্যে সৌরশক্তির সাহায্যে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সৌরবিদ্যুতের পাশাপাশি রাজ্যের খোয়াই, মনু, দেও ও মুহুরী এই ৪টি নদীকে কেন্দ্র করে হাইড্রোপ্রজেক্ট প্ল্যান্ট তৈরি করারও প্রচেষ্টা নেওয়া হচ্ছে।

বিদ্যুৎমন্ত্রী বলেন, আধুনিক সভ্যতায় বিদ্যুৎ ছাড়া কল্পনা করা যায় না। তাই নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অক্ষুন্ন রাখার দিকে রাজ্যের বর্তমান সরকার বিশেষ নজর দিয়েছে। ভবিষ্যতে রাজ্যে একটি সোলার পার্ক গড়ে তোলা যায় কিনা সরকার তাও চিন্তাভাবনা করে দেখছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক কিশোর বর্মণ এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য সমাজের সব অংশের মানুষের প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন টিএসইসিএল'র এমডি দেবশিস সরকার। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের জেনারেল ম্যানেজার রঞ্জন দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজসেবী শিবু পাল। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত ও সহকারি সভাপতি পিন্টু আইচ। উল্লেখ্য, এই সাবস্টেশনটি নির্মাণে ব্যয় হয়েছে ১২ কোটি ৪০ লক্ষ টাকা। এই সাবস্টেশনটি নির্মাণের ফলে নলছড় ব্লক এলাকার বৈরাগীবাজার, পলিরাম, লক্ষ্মণটেপা, বগাবাসা ইত্যাদি এলাকার লোকজন বিশেষভাবে উপকৃত হবেন।
